# মিরপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ

মিরপুর সেনানিবাস, ঢাকা-১২১৬

এমসিপিএসসি/হিসাব/২৫ তারিখঃ ২৬ অক্টোবর ২০২৫

## ২০২৬ শিক্ষাবর্ষে নার্সারি শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২০২৬ শিক্ষাবর্ষে নার্সারি শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীদের অভিভাবকগণকে নিম্নেবর্ণিত নির্দেশনা অনুসরণ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে :

১। **বয়সসীমা ঃ**

**প্রার্থীর বয়স ১** জানুয়ারি ২০২৬ তারিখে ৪ বছর থেকে ৫ বছর এর মধ্যে হতে হবে।

২। ক্যাটাগরি ঃ

- ক। সেনাবাহিনীর সদস্যগণের সন্তান (কর্মরত)
- খ। সেনাবাহিনীর সদস্যগণের সন্তান (অবসরপ্রাপ্ত)
- গ। নেভি, এয়ার ফোর্স ও প্রতিরক্ষা খাতে কর্মরত ব্যক্তিবর্গের সন্তান
- ঘ। অসামরিক ও অন্যান্য ব্যক্তিবর্গের সন্তান

৩। **অনলাইন আবেদন ঃ**

www.mcpsc.edu.bd ওয়েবসাইটে Online Admission এ ক্লিক করে ২৮ অক্টোবর ২০২৫ হতে ২০ নভেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত (২৪ ঘণ্টা) নার্সারি শ্রেণির ভর্তির জন্য আবেদন করা যাবে (প্রবেশ পত্র প্রিন্ট করে রাখতে হবে)। উল্লেখ্য যে, প্রতিষ্ঠানের অভ্যন্তরে কোন প্রকার ভর্তি ফরম বিতরণ করা হবে না। ভর্তি সংক্রান্ত বিষয়ে সকাল ১০০০ ঘটিকা থেকে ১৩০০ ঘটিকা পর্যন্ত (ছুটির দিন ব্যতীত) প্রতিষ্ঠানের হেল্প ডেস্ক হতে প্রয়োজনীয় তথ্য প্রদান করা হবে। এছাড়াও অনলাইন ভর্তির ক্ষেত্রে vortibd.com, Help Line-01791350268, 09643224488 থেকে প্রয়োজনীয় সহায়তা গ্রহণ করা যাবে। আবেদন পত্রের মূল্য ৫০০ টাকা।

৪। **এপ্টিটিউড টেস্ট গ্রহণ ঃ**

শিক্ষার্থীদের সঠিক বয়স, ক্যাটাগরিসহ সকল তথ্যের সঠিকতা যাচাই বাছাইয়ের লক্ষে এপ্টিটিউড টেস্ট গ্রহণের জন্য ডাকা হবে। এপ্টিটিউড টেস্ট এর তারিখ ও বিস্তারিত তথ্য প্রতিষ্ঠানের ওয়েবসাইটে www.mcpsc.edu.bd প্রকাশ করা হবে। এপ্টিটিউড টেস্ট গ্রহণের সময়:

- ক। প্রার্থীর প্রবেশ পত্র এবং জন্ম নিবন্ধন সনদ অবশ্যই সাথে আনতে হবে। বাবা অথবা মা যেকোনো একজন শিক্ষার্থীর সাথে উপস্থিত থাকবেন।
- খ। তথ্যে কোনো গড়মিল পরিলক্ষিত হলে উক্ত প্রার্থী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে।
- গ। এপ্টিটিউড টেস্ট কোনো ক্রমেই ভর্তির চূড়ান্ত নিশ্চয়তা হিসেবে বিবেচিত নয়। শুধুমাত্র বয়স ও নথিপত্রের সঠিকতা নিরুপণের মাপকাঠি হিসেবে বিবেচিত।

৫। **লটারি কার্যক্রম ঃ**

এপ্টিটিউড টেস্ট প্রক্রিয়ায় বাছাইকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে লটারির মাধ্যমে নির্ধারিত সংখ্যক শিক্ষার্থীকে নির্বাচন করা হবে। লটারির তারিখ ও বিস্তারিত প্রতিষ্ঠানের ওয়েবসাইটে www.mcpsc.edu.bd প্রকাশ করা হবে।

৬। **ভর্তি ও শ্রেণি কার্যক্রম ঃ**

লটারির মাধ্যমে নির্বাচিত প্রার্থীদের ভর্তির তারিখ ও শ্রেণি কার্যক্রমের বিস্তারিত তথ্য প্রতিষ্ঠানের ওয়েবসাইটে www.mcpsc.edu.bd প্রকাশ করা হবে।

**বিশেষ দ্রষ্টব্য: অত্র প্রতিষ্ঠানে শুধুমাত্র নার্সারী ব্যতীত অন্য কোনো শ্রেণিতে ভর্তি করা হয় না।**

ফারজানা শাকিল
লে. কর্নেল
অধ্যক্ষ

কার্যক্রম ঃ

অভিভাবক/শিক্ষার্থী

অবগতিঃ

নোটিশ বোর্ড
ওয়েব সাইট